# NTRCA লেকচার শিট
# বাংলা ভাষা ও সাহিত্য

## লেকচার ০৪


**লেকচার টপিক**
- সন্ধি
- সমার্থক শব্দ বা প্রতিশব্দ

## সন্ধি

**সন্ধি:** সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন: আশা + অতীত = আশাতীত। হিম + আলয় = হিমালয়। প্রথমটিতে আ + অ = আ (া) এবং দ্বিতীয়টিতে অ + আ = আ (া) হয়েছে।

**সন্ধির উদ্দেশ্য :**
(ক) সন্ধির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা এবং
(খ) ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

### সন্ধির প্রকারভেদ




### স্বরসন্ধি

**স্বরসন্ধি:** স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনের নাম স্বরসন্ধি।

**১. অ/আ + অ/আ থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

যেমন:
অ + অ = আ, নর + অধম = নরাধম।
অ + আ = আ, হিম + আলয় = হিমালয়।
আ + অ = আ, যথা + অর্থ = যথার্থ।
আ + আ = আ, বিদ্যা + আলয় = বিদ্যালয়।

**২. অ/আ + ই/ঈ- কার থাকলে উভয় মিলে এ-কার হয়; এ- কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

যেমন-
অ + ই = এ — শুভ + ইচ্ছা = শুভেচ্ছা
আ + ই = এ — যথা + ইষ্ট = যথেষ্ট
অ + ঈ = এ — পরম + ঈশ = পরমেশ
আ + ঈ = এ — মহা + ঈশ = মহেশ।

**৩. অ/আ + উ/ঊ-কার থাকলে উভয়ে মিলে ও-কার হয়; ও- কার পূর্ববর্তী ব্যঞ্জনে যুক্ত হয়।**

যেমন-
অ + উ = ও — সূর্য + উদয় = সূর্যোদয়।
আ + উ = ও — যথা + উচিত = যথোচিত।
অ + ঊ = ও — গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব।
আ + ঊ = ও — গঙ্গ + ঊর্মি = গঙ্গোর্মি।

**৪. অ/আ + ঋ-কার থাকলে উভয়ে মিলে 'অর্' হয় এবং তা রেফ (র্) রূপে পরবর্তী বর্ণের সাথে লেখা হয়।**

যেমন-
অ + ঋ = অর্ — দেব + ঋষি = দেবর্ষি।
আ + ঋ = অর্ — মহা + ঋষি = মহর্ষি।

**৫. অ/আ + ঋত উভয় মিলে 'আর্' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়।**

যেমন-
অ + ঋ = আর — শীত + ঋত = শীতার্ত।
আ + ঋ = আর — তৃষ্ণা + ঋত = তৃষ্ণা

**৬. অ/আ + এ/ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়; ঐ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

যেমন-
অ + এ = ঐ — জন + এক = জনৈক।
আ + এ = ঐ — সদা + এব = সদৈব।
অ + ঐ = ঐ — মত + ঐক্য = মতৈক্য।
আ + ঐ = ঐ — মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য।

৭. অ/আ + ও/ঔ-কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়; ঔ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।

যেমন-

অ + ও = ঔ বন + ওষধি = বনৌষধি।

আ + ও = ঔমহা + ওষধি = মহৌষধি।

অ + ঔ = ঔ পরম + ঔষধ = পরমৌষধ।

আ + ঔ = ঔ মহা + ঔষধ = মহৌষধ।

৮. ই/ঈ + ই/ঈ-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ- কার হয়। দীর্ঘ ঈ-কার পূর্ববতী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।

যেমন-

ই + ই = ঈ অতি + ইত = অতীত।

ই + ঈ = ঈ পরি + ঈক্ষা = পরীক্ষা।

ঈ + ই = ঈ সতী + ইন্দ্র = সতীন্দ্র।

ঈ + ঈ = ঈ সতী + ঈশ = সতীশ।

৯. ই/ঈ + অন্য স্বর থাকলে শুধুমাত্র ই বা ঈ এর পরিবর্তে 'য্' বা য (্য) ফলা হয়। য- ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। এ ক্ষেত্রে পরবর্তী ভিন্নস্বরগুলো অপরিবর্তিত থাকে।

যেমন-

ই + অ = য্ +অ অতি + অন্ত = অত্যন্ত।

ই + আ = য্ + আ ইতি + আদি = ইত্যাদি।

ই + উ = য্ + উ অতি + উক্তি = অত্যুক্তি।

ই + ঊ = য্ + ঊ প্রতি + ঊষ = প্রত্যূষ।

ঈ + আ = য্ + আ মসী + আধার = মস্যাধার।

ই + এ = য্ + এ প্রতি + এক = প্রত্যেক।

ঈ + অ = য্ + অ নদী + অম্বু = নদ্যম্বু।

১০. উ/ঊ + উ/ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ- কার হয়; ঊ- কার পূর্ববর্তী ব্যঞ্জন ধ্বনির সাথে যুক্ত হয়।

যেমন-

উ + উ = ঊ মরু + উদ্যান = মরূদ্যান।

উ + ঊ = ঊ বহু + ঊর্ধ্ব = বহূর্ধ্ব।

ঊ + উ = ঊ বধূ + উৎসব = বধূৎসব।

ঊ + ঊ = ঊ ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব।

১১. উ/ঊ + অন্য স্বর থাকলে শুধুমাত্র উ বা ঊ এর পরিবর্তে 'ব' ফলা এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। এ ক্ষেত্রে পরবর্তী ভিন্নস্বরগুলো অপরিবর্তিত থাকে।

যেমন-

উ + অ = ব + অ সু + অল্প = স্বল্প।

উ + আ = ব + আ সু + আগত = স্বাগত।

উ + ই = ব + ই অনু + ইত = অন্বিত।

উ + ঈ = ব + ঈ তনু + ঈ = তন্বী।

উ + এ = ব + এ অনু + এষণ = অন্বেষণ।

১২. ঋ- কারের পর ঋ ভিন্ন অন্য স্বর থাকলে 'ঋ' স্থানে 'র্' হয় এবং র- ফলা পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।

যেমন-

পিতৃ + আলয় = পিত্রালয়, পিতৃ + আদেশ = পিত্রাদেশ।

১৩. এ, ঐ, ও, ঔ- কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়্, আয়্ এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়।

যেমন-

এ+অ = অয়্+অ নে+অন = নয়ন

ঐ+অ = আয়্+অ নৈ+অক = নায়ক

ও+অ = অব্+অ পো+অন = পবন

ঔ+অ = আব্+অ পৌ+অক = পাবক

ও+আ = অব্+আ গো+আদি = গবাদি

ও+এ = অব্+এ গো+এষণা = গবেষণা

ও+ই = অব্+ই পো+ইত্র = পবিত্র

ঔ+ই = আব্+ই নৌ+ইক = নাবিক

ঔ+উ = আব্+উ ভৌ+উক = ভাবুক

লো+অন = লবণ গৈ+অক = গায়ক

## এক কথায় প্রশ্নোত্তর

১. **সন্ধি কত প্রকার?**
উত্তর: ২ প্রকার।

২. **সন্ধির উদ্দেশ্য কী?**
উত্তর: উচ্চারণে সহজপ্রবণতা ও ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

৩. **'হিমাচল' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
উত্তর: হিম্ + অচল = হিমাচল।

৪. **'মহার্ঘ' কোন সন্ধি?**
উত্তর: স্বরসন্ধি।

৫. **বাংলা কোন পদের সাথে সন্ধি হয় না?**
উত্তর: ক্রিয়াপদ।

৬. **'মরূদ্যান' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
উত্তর: মরু + উদ্যান।

৭. **'স্বাগত'- এর সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: সু + আগত।

৮. **'সদানন্দ' কোন সন্ধির উদাহরণ?**
উত্তর: তৎসম স্বরসন্ধি।

৯. **'শ্রবণ' সন্ধি বিচ্ছেদ কী হবে?**
উত্তর: শ্রু + অন।

## Teacher's Work

১. **সন্ধির প্রধান সুবিধা কী?** [১৮তম বিসিএস, ১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক উচ্চারণের সুবিধা খ লেখার সুবিধা গ শোনার সুবিধা ঘ পড়ার সুবিধা

২. **'সন্ধি' শব্দের অর্থ কী?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়-২)'২৪, বি.অ. (জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট)'২২; প. অ. (কম্পিউটার অপারেটর)'২০; প.অ. (ল্যাবরেটরি অ্যাটেনডেন্ট)'২০]
ক সংক্ষেপণ খ মিলন গ একপদীকরণ ঘ চিহ্ন

৩. **'সতীশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কী হবে?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়-২)-২০২৪]
ক সতি + ইশ খ সতি + ঈশ গ সতী + ঈশ ঘ সতী + ইশ

৪. **'গবেষণা' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পদের পরীক্ষা-২০২৪]
ক গো + এষণা খ গ + এষনা গ গো + এষনা ঘ গো + এসনা

## ব্যঞ্জনসন্ধি

স্বরে + ব্যঞ্জনে, ব্যঞ্জনে + স্বরে ও ব্যঞ্জনে + ব্যঞ্জনে যে সন্ধি হয়, তাকে ব্যঞ্জনসন্ধি বলে। এ দিক থেকে ব্যঞ্জন সন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়। যথা-

### ০১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি

ক্, চ্, ট্ , ত্ , প্ - এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ্, জ্, ড্, (ড়্), দ্, ব্ হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়।

যেমন-

ক্ + অ = গ্ — দিক্ + অন্ত = দিগন্ত।
চ্ + অ = জ্ — ণিচ্ + অন্ত = ণিজন্ত।
ট্ + আ = ড্ — ষট্ + আনন = ষড়ানন।
ত্ + অ = দ্ — তৎ + অবধি = তদ্‌বধি।
প্ + অ = ব্ — সুপ্ + অন্ত = সুবন্ত।

### ০২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি

স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়।

যথা-

অ + ছ = চ্ছ — এক + ছত্র = একচ্ছত্র।
আ + ছ = চ্ছ — কথা + ছলে = কথাচ্ছলে।
ই + ছ = চ্ছ — পরি + ছদ = পরিচ্ছদ।

### ০৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি

(i) ত্ ও দ্-এর পর চ্ ও ছ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যেমন-

ত্ + চ = চ্চ — সৎ + চিন্তা = সচ্চিন্তা।
ত্ + ছ = চ্ছ — উৎ + ছেদ = উচ্ছেদ।
দ্ + চ = চ্চ — বিপদ + চয় = বিপচ্চয়।
দ্ + ছ = চ্ছ — বিপদ + ছায়া = বিপচ্ছায়া।

(ii) ত্ ও দ্ - এ পর জ্ ও ঝ্ থাকলে ত্ ও দ্ - এর স্থানে জ্ হয়।

যেমন-

ত + জ = জ্জ — সৎ + জন = সজ্জন।
দ্ + জ = জ্জ — বিপদ + জাল = বিপজ্জাল।
ত্ + ঝ = জ্ঝ — কুৎ+ঝটিকা = কুজ্ঝটিকা।

(iii) ত্ ও দ্ - এর পর শ থাকলে ত্ ও দ্ - এর স্থলে চ্ এবং শ্ - এর স্থলে ছ উচ্চারিত হয়।

যেমন-

ত + শ = চ্ + ছ = চ্ছ — উৎ + শ্বাস = উচ্ছ্বাস
উৎ + শৃঙ্খল = উচ্ছৃঙ্খল
চলৎ + শক্তি = চলচ্ছক্তি

(iv) ত্ ও দ্- এর পর ড থাকলে ত্ ও দ্ এর স্থানে ড্ হয়। যেমন-

ত্ + ড = ড্ড — উৎ + ডীন = উড্ডীন।
বৃহৎ+ঢক্কা = বৃহড্ঢক্কা

(v) ত্ ও দ্ - এর পর হ থাকলে ত্ ও দ্ - এর স্থলে দ এবং হ-এর স্থলে ধ্ হয়। যেমন-

ত্ + হ = দ্ + ধ = দ্ধ — উৎ + হার = উদ্ধার
দ্ + হ = দ্ +ধ = দ্ধ — পদ্ + হতি = পদ্ধতি

(vi) ত্ ও দ্ - এর পর ল থাকলে ত্ ও দ্- এর স্থলে 'ল' হয়। যেমন-

ত্ + ল = ল্ল — উৎ + লাস = উল্লাস
এরূপ- উল্লেখ, উল্লিখিত, উল্লেখ্য, উল্লঙ্ঘন ইত্যাদি।

### ০৪. বর্গের প্রথম ধ্বনির পর যে কোনো বর্গের তৃতীয় বা চতুর্থ ধ্বনি কিংবা 'য' ও 'র' থাকলে বর্গের প্রথম ধ্বনিগুলো নিজস্ব বর্গের তৃতীয় ধ্বনি রূপে উচ্চারিত হয়।

যথা:

ক্ + দ = গ্ + দ — বাক্ + দান = বাগদান
ট্ + য = ড্ + য — ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র।
ত্ + ঘ = দ্ + ঘ — উৎ + ঘাটন = উদ্‌ঘাটন।
ত্ + য = দ্ +য — উৎ + যোগ = উদ্যোগ।
ত্ + র = দ্ + র — তৎ + রূপ = তদ্রুপ

### ০৫. ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ ধ্বনি সেই বর্গীয় ঘোষ ধ্বনি কিংবা নাসিক্য ধ্বনি হয়।

যথা-

ক্ + ন = গ/ঙ + ন — দিক্ + নির্ণয় = দিগ্‌নির্ণয় বা দিঙ্‌নির্ণয়।
ত্ + ম = দ/ন+ম — তৎ + মধ্যে = তদ্‌মধ্যে বা তন্মধ্যে।

### ০৬. ম্ এর পর যে কোনো বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়।

যেমন-

ম্ + ক্ = ঙ্ক — শম্ + কা = শঙ্কা।
ম্ + চ্ = ঞ্চ — সম্ + চয় = সঞ্চয়।
ম্ + ত্ = ন্ত — সম্+তাপ = সন্তাপ।

### ০৭. ম্ - এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়।

যেমন-

সম্ + যম = সংযম, — সম্ +বাদ = সংবাদ,
সম্ + রক্ষণ = সংরক্ষণ, — সম্ + লাপ = সংলাপ,
সম্ + শয় = সংশয়, — সম্ + সার = সংসার,
সম্ + হার = সংহার।

### ০৮. চ্ ও জ্ - এর পরে নাসিক্য ধ্বনি তালব্য হয়।

যেমন-

চ্ + ন = চ + ঞ, — যাচ্ + না = যাচ্‌ঞা,
রাজ্ + নী = রাজ্ঞী, — জ্ + ন = জ + ঞ, যজ্ + ন = যজ্ঞ।

### ০৯. দ্ ও ধ্ - এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ থাকলে দ্ ও ধ্ স্থলে 'অঘোষ অল্পপ্রাণ' ধ্বনি হয়।

যেমন-

দ্ > ত — তদ্ + কাল = তৎকাল
ধ্ > ত — ক্ষুধ্ +পিপাসা = ক্ষুৎপিপাসা।
এরূপ- হৃৎকম্প, তৎপর, তত্ত্ব ইত্যাদি।

### ১০. দ্ কিংবা ধ্-এর পরে (স্) থাকলে দ্ ও ধ্ স্থলে 'অঘোষ অল্পপ্রাণ' ধ্বনি হয়।

যেমন-

বিপদ্ + সংকুল = বিপৎসংকুল। এরূপ- তৎসম।

### ১১. ষ-এর পরে ত বা থ থাকলে, যথাক্রমে ত ও থ স্থানে ট ও ঠ হয়।

যেমন-

কৃষ্ + তি = কৃষ্টি, — ষষ্ + থ = ষষ্ঠ।

### ১২. বিশেষ নিয়মে সাধিত কতগুলো সন্ধি।

যেমন-

উৎ + স্থান = উত্থান — সম্ + কার = সংস্কার।
উৎ + স্থিত = উত্থিত — উৎ + স্থাপন = উত্থাপন।
সম্ + কৃত = সংস্কৃত — পরি + কার = পরিষ্কার।
সম্ + কৃতি = সংস্কৃতি — পরি + কৃত = পরিষ্কৃত।

## এক কথায় প্রশ্নোত্তর

১. 'স্বাগত'-এর সন্ধি বিচ্ছেদ কী?
উত্তর: সু + আগত।

২. 'ষোড়শ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কী?
উত্তর: ষট্ + দশ।

৩. 'অত্যন্ত' এর সন্ধি বিচ্ছেদ কী?
উত্তর: অতি + অন্ত।

৪. 'মতৈক্য' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?
উত্তর: মত + ঐক্য।

৫. 'বৃষ্টি' একটি সন্ধিবদ্ধ শব্দ। এর সন্ধি বিচ্ছেদ করলে কী পাওয়া যায়?
উত্তর: বৃষ্ + তি।

৬. 'পদ্ধতি' শব্দের সন্ধিবিচ্ছেদ করলে কী পাওয়া যায়?
উত্তর: পদ্ + হতি।

৭. 'ব্যর্থ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কী?
উত্তর: বি + অর্থ।

৮. 'সংসার' –এর সন্ধি বিচ্ছেদ-
উত্তর: সম্ + সার।

৯. 'মৃন্ময়' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?
উত্তর: মৃৎ + ময়।

## Teacher's Work

১. 'চলচ্চিত্র' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক চলৎ + চিত্র   খ চল + চিত্র   গ চলন্ত + চিত্র   ঘ চলিত + চিত্র

২. 'সার্বভৌম' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কতৃপক্ষ (বেজা)-২০২৪]
ক ষ্ণ + সর্বভৌম   খ সর্বভূমি + ষ্ণ   গ সার্বভৌম + ম   ঘ সার্ব+ ভৌম

৩. 'ষড়যন্ত্র' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী -২০২৪]
ক ষড়+যন্ত্র   খ ষট্+যন্ত্র   গ ষট+যন্ত্র   ঘ সর+যন্ত্র

## বিসর্গ সন্ধি

সংস্কৃত সন্ধির নিয়মে পদের অন্তস্থিত র্ ও স্ অনেক ক্ষেত্রে অঘোষ উষ্ম ধ্বনি অর্থাৎ হ ধ্বনিরূপে উচ্চারিত হয় এবং তা বিসর্গ (ঃ) রূপে লেখা হয়। র্ ও স্ বিসর্গ ব্যঞ্জন ধ্বনিমালার অন্তর্গত। সে কারণে বিসর্গ সন্ধি ব্যঞ্জন সন্ধির অন্তর্গত। বস্তুত বিসর্গ র্ এবং স্-এর সংক্ষিপ্ত রূপ।

**বিসর্গকে দু ভাগে ভাগ করা হয়েছে-**

১. **র্ - জাত বিসর্গ:** র্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে র - জাত বিসর্গ। যেমন- অন্তর-অন্তঃ, প্রাতর-প্রাতঃ, পুনর-পুনঃ, অহর-অহঃ, দুর-দুঃ, নির-নিঃ ইত্যাদি।

২. **স্-জাত বিসর্গ :** স্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে স্ - জাত বিসর্গ। যেমন- নমস্-নমঃ, পুরস্-পুরঃ, শিরস্-শিরঃ, তিরস্-তিরঃ, মনস্- মনঃ, তপস্-তপঃ ইত্যাদি।

বিসর্গের সাথে অর্থাৎ র্ ও স্-এর সাথে স্বরধ্বনির কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে।

বিসর্গ সন্ধি দু' ভাবে সাধিত হয়:
১. বিসর্গ + স্বর এবং ২. বিসর্গ + ব্যঞ্জন।

১. **বিসর্গ ও স্বরের সন্ধি**
অ-ধ্বনির পরস্থিত বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ+ঃ + অ-এ তিনে মিলে 'ও'- কার হয়। যেমন- ততঃ+অধিক = ততোধিক।

২. **বিসর্গ ও ব্যঞ্জনের সন্ধি**

**ক. অ-কারের পরস্থিত স্-জাত বিসর্গের পর ঘোষ ধ্বনি কিংবা হ, য, ব, র, ল থাকলে অ-কার ও স্ - জাত বিসর্গ উভয় স্থলে ও কার হয়।**

যেমন- তিরঃ + ধান = তিরোধান,
মনঃ + রম = মনোরম,
মনঃ + হর = মনোহর,
তপঃ + বন = তপোবন ইত্যাদি।

**খ. অ-কারের পরস্থিত র্ জাত বিসর্গের পর স্বরধ্বনি ও উপরিউক্ত ধ্বনি সমূহের কোনোটি থাকলে বিসর্গ স্থানে 'র্' হয়।**

যেমন-
অন্তঃ + গত = অন্তর্গত   অন্তঃ + ধান = অন্তর্ধান
পুনঃ + আয় = পুনরায়   পুনঃ + উক্ত = পুনরুক্ত
অহঃ + অহ = অহরহ
এরূপ- পুনর্জন্ম, পুনর্বার, অন্তর্ভুক্ত, অন্তর্বর্তী ইত্যাদি।

**গ. অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, ঘোষ ধ্বনি কিংবা হ, য, ব, র, ল-এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র্' হয়।**

যেমন:
নি ঃ + আকার = নিরাকার   আশীঃ + বাদ = আশীর্বাদ
দুঃ + যোগ = দুর্যোগ ইত্যাদি।
এরূপ- নিরাকরণ, জ্যোতির্ময়, প্রাদুর্ভাব, নির্জন, বহির্গত, দুর্লভ, দুরন্ত ইত্যাদি।

**ব্যতিক্রম:** ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যেমন- নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস ইত্যাদি।

**ঘ. বিসর্গের পর অঘোষ অল্পপ্রাণ কিংবা মহাপ্রাণ তালব্য ব্যঞ্জন/ 'চ', 'ছ' থাকলে বিসর্গের স্থলে তালব্য শিশ ধ্বনি/ 'শ' হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ মূর্ধন্য ব্যঞ্জন/'ট', 'ঠ' থাকলে বিসর্গ স্থলে মূর্ধন্য শিশ ধ্বনি/'ষ' হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ দন্ত্য ব্যঞ্জনের /'ত', 'থ' স্থলে দন্ত্য শিশ ধ্বনি/'স' হয়।**

যেমন-

- ঃ + চ / ছ = শ্ + চ/ ছ
  নিঃ + চয় = নিশ্চয়,
  শিরঃ + ছেদ = শিরশ্ছেদ।
- ঃ + ট/ঠ = ষ্ + ট / ঠ
  ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার,
  নিঃ + ঠুর = নিষ্ঠুর।
- ঃ + ত / থ = স্ + ত/ থ
  দুঃ + তর = দুস্তর
  দুঃ + থ = দুস্থ।

**ঙ. অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ ধ্বনি (স্) হয় এবং অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়।**

যেমন-

অ এর পরে বিসর্গ- ঃ + ক = স্ + ক → নমঃ + কার = নমস্কার

অ এর পরে বিসর্গ- ঃ + খ = স্ + খ → পদঃ +খলন = পদস্খলন।

ই এর পরে বিসর্গ- ঃ + ক = ষ + ক →নিঃ + কর = নিষ্কর।

উ এর পরে বিসর্গ- ঃ + ক = ষ + ক → দুঃ + কর = দুষ্কর।

এরূপ- পুরস্কার, মনস্কামনা, তিরস্কার, চতুষ্পদ, নিষ্ফল।

**চ. যুক্ত ব্যঞ্জন ধ্বনি স্ত, স্থ কিংবা স্প পরে থাকলে পূর্ববর্তী বিসর্গ অবিকৃত থাকে অথবা লোপ পায়।**

যেমন- নিঃ + স্তব্ধ = নিঃস্তব্ধ কিংবা নিস্তব্ধ।

দুঃ + স্থ = দুঃস্থ কিংবা দুস্থ।

নিঃ + স্পন্দ = নিঃস্পন্দ কিংবা নিস্পন্দ।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **'অধোগতি' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: অধঃ + গতি।

২. **'তপোবন' এর সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: তপঃ + বন।

৩. **'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: চতুঃ + পদ।

৪. **'নিশ্চয়' -এর সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: নিঃ + চয়।

৫. **'শিরঃ + ছেদ' -এর সন্ধি কী?**
উত্তর: শিরশ্ছেদ।

৬. **'অহরহ' কোন সন্ধির উদাহরণ?**
উত্তর: বিসর্গ সন্ধি।

৭. **'নিরবধি' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: নিঃ + অবধি।

৮. **'মনস্তাপ'-এর সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: মনঃ + তাপ।

৯. **'বৃহস্পতি' একটি সন্ধিবদ্ধ শব্দ। এর সন্ধিবিচ্ছেদ করলে কী পাওয়া যায়?**
উত্তর: বৃহৎ + পতি।

১০. **'পুরস্কার' এর সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: পুরঃ + কার।

## Teacher's Work

১. **'বনস্পতি' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [১৮তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ⓚ বনস + পতি ⓚⓗ বনঃ + পতি ⓖ বন্ + পতি ⓖⓗ বনো + পতি

২. **'মনোহর' শব্দটির সন্ধি বিচ্ছেদ–** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা(৩য় পর্যায়)-২০২৪]
ⓚ মনো + হর ⓚⓗ মন + অহর ⓖ মন + হর ⓖⓗ মনঃ + হর

৩. **'সদ্যোজাত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [সমন্বিত ১০টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, Senior Officer-'২৩]
ⓚ সৎ+জাত ⓚⓗ সদ্যো+জাত ⓖ সদ্যঃ+জাত ⓖⓗ সদ্য +জাত

৪. **'অহরহ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ইন্সপেক্টর/সিনিয়র অফিসার/নিরাপত্তা কর্মকর্তা-২০২৪]
ⓚ অহ + রহ ⓚⓗ অহঃ + রহ ⓖ অহঃ + অহ ⓖⓗ অহ + অহ

## নিপাতনে সিদ্ধ সন্ধি

যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না, তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। অর্থাৎ ব্যাকরণে নিয়ম বহির্ভূত প্রচলিত বিষয় বা দৃষ্টান্তকে নিপাতনে সিদ্ধ বলা হয়। যেমন :

| নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি | |
|---|---|
| অন্যান্য = অন্য + অন্য | মার্তণ্ড = মার্ত + অণ্ড |
| কুলটা = কুল + অটা | শুদ্ধোদন = শুদ্ধ + ওদন |
| গবাক্ষ = গো + অক্ষ | সীমন্ত = সীমন্ + অন্ত |
| প্রৌঢ় = প্র + ঊঢ় | স্বৈর = স্ব + ঈর |
| রক্তোষ্ঠ = রক্ত + ওষ্ঠ | অক্ষৌহিণী = অক্ষ + ঊহিণী |
| **নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি** | |
| আশ্চর্য = আ + চর্য | পরস্পর = পর + পর |
| একাদশ = এক্ + দশ | বৃহস্পতি = বৃহৎ + পতি |
| গোষ্পদ = গো + পদ | বিশ্বামিত্র = বিশ্ব + মিত্র |
| তস্কর = তৎ + কর | প্রায়+চিত্ত = প্রায়শ্চিত্ত |
| দ্যুলোক = দিব্ + লোক | মনীষা = মনস্ + ঈষা |
| পতঞ্জলি = পতৎ + অঞ্জলি | ষোড়শ = ষট্ + দশ |
| বনস্পতি + বন্ + পতি | |
| **নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি** | |
| অতঃপর = অতঃ + পর | নিঃসন্দেহ = নিঃ + সন্দেহ |
| অধঃপতন = অধঃ + পতন | প্রাতঃকাল = প্রাতঃ + কাল |
| অহরহ = অহঃ + অহ | বয়ঃসন্ধি = বয়ঃ + সন্ধি |
| অহর্নিশ = অহঃ + নিশা | মনঃকষ্ট = মনঃ + কষ্ট |
| অন্তকরণ = অন্তঃ + করণ | মনঃক্ষুণ্ন = মনঃ + ক্ষুণ্ন |
| দুঃশাসন = দুঃ + শাসন | শিরঃপীড়া = শিরঃ + পীড়া |
| বাচস্পতি = বাচঃ + পতি | |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **'প্রাতঃকাল'-এর সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: প্রাতঃ + কাল ।

২. **'অহর্নিশ'-এর সন্ধি বিচ্ছেদ কী হবে?**
উত্তর: অহঃ + নিশা ।

৩. **'আশ্চর্য' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**
উত্তর: আ + চর্য।

৪. **'মনঃকষ্ট'-এর সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: মনঃ + কষ্ট।

৫. **'বনস্পতি '-এর সন্ধি বিচ্ছেদ কী?**
উত্তর: বন + পতি।

## Teacher's Work

১. **নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির দৃষ্টান্ত কোনটি?** [৪৪তম বিসিএস]
ক গো + অক্ষ = গবাক্ষ খ পৌ + অক = পাবক গ বি + অঙ্গ = বঙ্গ ঘ যতি + ইন্দ্র = যতীন্দ্র

২. **সন্ধি-সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?** [৩২তম বিসিএস]
ক ব্যঞ্জন ধ্বনি খ স্বরসন্ধি গ নিপাতনে সিদ্ধ ঘ বিসর্গসন্ধি

৩. **কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), ফিল্ড স্টাফ-'২৩]
ক বাক্ + ধান = বাগদান খ উৎ + ছেদ = উচ্ছেদ গ পর + পর = পরস্পর ঘ সম + সার = সংসার

৪. **'গো + অক্ষ = গবাক্ষ' এটি কোন ধরনের সন্ধি বিচ্ছেদ?** [ফা.সা.গি.ডি.অ. (স্টেশন অফিসার)'২২]
ক নিপাতনে সিদ্ধ খ বিসর্গ সন্ধি গ স্বরসন্ধি ঘ স্ব-ব্যঞ্জন সন্ধি

## সমার্থক শব্দ

**অগ্নি**
অনল, হুতাশন, শিখা, দহন, পাবক, বহ্নি, কৃশানু, সর্বভূক, বৈশ্বানর, বীতিহোত্র, বায়ুসখা, সর্বশুচি।

**অশ্ব**
তুরঙ্গ, তুরগ, তুরঙ্গম, বাজী, ঘোটক, ঘোড়া, হয়।

**আকাশ**
শূন্যলোক, ব্যোম, দ্যুলোক, অন্তরীক্ষ, নভঃ, গগন, অম্বর, নীলিমা।

**অন্ন**
ভাত, ওদন, সিদ্ধ, আহারদ্রব্য।

**অন্ধকার**
আঁধি, তমঃ, তমসা, তিমির, আঁধার, অমানিশা, তমিস্র, নিরালোক, শর্বর।

**ইচ্ছা**
অভিলাষ, বাঞ্ছা, স্পৃহা, অভিপ্রায়, সাধ, বাসনা, আকাঙ্ক্ষা, কামনা, অভিরুচি, প্রবৃত্তি, মনোরথ, ইপ্সা, অভিপ্সা, আশা, চাওয়া, মনোবাঞ্ছা, মনোবাসনা, মনস্কাম।

**ঈশ্বর**
আল্লাহ, খোদা, ইলাহী, স্রষ্টা, বিশ্বপতি, পরমেশ্বর, জগদীশ্বর, জগদীশ, জগৎপতি, জগৎপিতা, জগৎস্রষ্টা, অন্তর্যামী, পরমেশ্বর, বিভু।

**কন্যা**
তনয়া, নন্দিনী, আত্মজা, দুহিতা, সুতা, দারিকা, মেয়ে, ঝি, বালা।

**কোকিল**
কলকণ্ঠ, পিক, পরভৃত, কাকপুষ্ট, পরপুষ্ট, অন্যপুষ্ট, বসন্তদূত, মধুবন।

**কপাল**
তিলক, ভাগ্য, অদৃষ্ট, ভাগ্যলিপি, ললাট, অলিক, বরাত, নসিব, নিয়তি।

**গৃহ**
নিবাস, বাটী, ধাম, আগার, সদন, নিকেতন, নিলয়, আলয়।

**রাজা**
গৃহিণী, স্ত্রী, পত্নী, জায়া, দারা, সহধর্মিণী, বিবি, বেগম, কর্ত্রী, ভার্যা, কলত্র।

**চাঁদ**
হিমাংশু, হিমকর, সিতাংশু, সুধাংশু, নিশানাথ, শশধর, শশাঙ্ক, বিধু, নিশাপতি, মৃগাঙ্ক, রাকেশ, কলানাথ, রজনীকান্ত, ইন্দু, কলাধর, দ্বিজরাজ, শীতকর, সোম, হেলাল।

**চোখ**
অক্ষি, নেত্র, লোচন, নয়ন, আঁখি, সিডর, চক্ষু।

**ঠোঁট**
চঞ্চু, ওষ্ঠ, অধর।

**ঢেউ**
কল্লোল, উদ্বেল, তরঙ্গ, ঊর্মি, লহরি, লহর, উল্লোল, বীচি, জোয়ার, হিল্লোল।

**নদী**
শৈবালিনী, তরঙ্গিনী, কল্লোলিনী, প্রবাহিনী, তটিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী, সরিৎ, মন্দাকিনী, সমুদ্রকান্তা।

**নবীন**
আনকোরা, উদগত, আধুনিক, অধুনা, অর্বাচীন।

**পাখি**
শকুন্ত, খেচর, বিহঙ্গ, বিহগ, পক্ষী, খগ।

**পদ্ম**
শতদল, কমল, উৎপল, কোকনদ, সরোজ, পঙ্কজ, নলিনী, তামরস, মৃণালিনী, অরবিন্দ, রাজীব, সরসিজ।

**পর্বত**
মহীন্দ্র, শৃঙ্গ, শৈল, গিরি, পাহাড়, ভূধর, অদ্রি, অচল, মহীধর, মেদিনীধর, নগ।

**পুত্র**
ছেলে, তনয়, নন্দন, সুত, আত্মজ, তনুজ, দারক, দুলাল, পুত।

**পাথর**
পাষাণ, প্রস্তর, শিলা, শিল, উপল, অশ্ম, রত্ন, মণি, দৃষৎ, কাঁকর, কঙ্কর।

**পৃথিবী**
ভূলোক, ভুবন, বসুমতি, বসুন্ধরা, অবনী, অদিতি, ক্ষিতি, ধরা, জগৎ, দুনিয়া, ধরণী, অখিল, মেদিনী, মর্ত্য, উর্বী, বসুধা।

**পুষ্প**
প্রসূন, ফুল, রঙ্গন, রঙ্গনা, কুসুম।

**বাতাস**
অনিল, সমীর, সমীরণ, হাওয়া, পবন, বায়ু, বাত, মরুৎ, প্রভঞ্জন, গন্ধবাহ।

**বন**
জঙ্গল, গহন, অটবী, কুঞ্জ, কানন, অরণ্য, বনানী, বিপিন, কান্তার।

**বৃক্ষ**
বিটপী, তরু, পাদপ, উদ্ভিদ, বৃক্ষ, মহীরুহ, দ্রুম, পল্লবী, শাখী।

**বিদ্যুৎ**
শম্পা, চপলা, সৌদামিনী, ক্ষণপ্রভা, তড়িৎ, বিজলি, দামিনী, চঞ্চলা, বিজুরি।

**ভ্রমর**
মধুলেহ, ভোমরা, মৌমাছি, অলি, শিলীমুখ, মধুকর, ষটপদ, ভৃঙ্গ।

**মেঘ**
অম্বুদ, নীরদ, জলদ, বারিদ, বলাহক, জীমূত, অভ্র, কাদম্বিনী।

**ময়ূর**
কলাপী, শিখণ্ডী, কেকা, কেকী।

**যুদ্ধ**
সংগ্রাম, সমর, আহব, বিগ্রহ, যুদ্ধবিগ্রহ, যোধন, রণ, লড়াই, সংঘর্ষ, সংঘাত।

**রাজা**
নরেন্দ্র, ভূপাল, নৃপ, নৃপতি, দণ্ডধর, বাদশা, নরেশ, মহিপাল, নৃপেন্দ্র।

**রাত**
নিশীথিনী, শর্বরী, যামিনী, রজনী, রাত, নিশা, নিশি, নিশীথ, ক্ষণদা, ত্রিযামা, বিভাবরী।

**সমুদ্র**
বারিধি, পারাবার, জলনিধি, জলধি, সিন্ধু, সাগর, পাথার, দরিয়া, অর্ণব, রত্নাকর, নীলাম্বু, অম্বুধি, উদধি, পয়োধি।

**সাপ**
নাগ, উরগ, ভুজগ, সর্প, ফণী, আশীবিষ, অহি, ভুজঙ্গ, পন্নগ, বায়ুভুক।

**স্ত্রী**
ভার্যা, পত্নী, সহধর্মিনী, অর্ধাঙ্গিনী, দার, দয়িতা, জায়া, কলত্র, অঙ্গনা, বধূ, দারা।

**স্বর্গ**
দেবলোক, দ্যুলোক, অমরাবতী, ইন্দ্রলোক, সুরলোক, ত্রিদিব, অমরা, জান্নাত।

**সূর্য**
অর্ক, অরুণ, আদিত্য, আফতাব, তপন, দিনপতি, দিবাকর, প্রভাকর, বিভাবসু, ভানু, ভাস্কর, মার্তণ্ড, সবিতা, রবি, দিনেশ, মিহির, বিবস্বান।

**হাতি**
হস্তী, মাতঙ্গ, নাগ, গজ, কুঞ্জর, করী, করেণু, ঐরাবত, দ্বিপ, বারন, দ্বিরদ।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **'পাথার' শব্দটির সমার্থক শব্দ কী?**
উত্তর: সমুদ্র।

২. **'আত্মজ' শব্দের প্রতিশব্দ কোনটি?**
উত্তর: পুত্র।

৩. **'অহি' শব্দের সমার্থক কী ?**
উত্তর: সাপ।

৪. **'আগুন' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
উত্তর: সর্বভূক।

৫. **'কন্যা' শব্দের সমার্থক কোনটি?**
উত্তর: তনয়া।

৬. **'সূর্য' শব্দের সমার্থক কী?**
উত্তর: আদিত্য।

৭. **'শিখণ্ডী' এর প্রতিশব্দ কোনটি?**
উত্তর: ময়ূর।

৮. **'পাণি' শব্দের সমার্থক কোনটি?**
উত্তর: হাত।

৯. **'স্ত্রী' শব্দের সমার্থক কী?**
উত্তর: জায়া।

১০. **'চপলা' এর সমার্থক কী?**
উত্তর: বিদ্যুৎ।

## Teacher's Work

১. **'পাবক' এর সমার্থক শব্দ কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক অগ্নি　খ নয়ন　গ পুত্র　ঘ অধিপতি

২. **পৃথিবীর সমার্থক শব্দ কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক অচল　খ অদ্রি　গ কনক　ঘ অবনী

৩. **'কৌমুদী' শব্দের প্রতিশব্দ হলো-** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক চাঁদ　খ জ্যোৎস্না　গ পদ্মফুল　ঘ মুকুল

৪. **'আত্মজা' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়-২)-২০২৪]
ক দুহিতা　খ তনয়া　গ পুত্র　ঘ কন্যা

৫. **'কুন্তল' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়-২)-২০২৪]
ক অংশু　খ কেশ　গ কুবলয়　ঘ কমল



## Student Practice

১. 'পিত্রালয়' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে–
(ক) পিতা + আলয় (খ) পিতৃ + আলয়
(গ) পিত্রা + লয় (ঘ) পিত্রি + আলয় **খ**

২. 'অত্যধিক'-এর সন্ধি বিচ্ছেদ করুন :
(ক) অতি + ধিক (খ) অত্যা + অধিক
(গ) অতি + অধিক (ঘ) অ + ত্যধিক **গ**

৩. 'কটাক্ষ' শব্দের সন্ধি বিচ্ছেদ–
(ক) কটু + অক্ষ (খ) কটা + অক্ষ
(গ) কট + ক্ষ (ঘ) কট + অক্ষ **ঘ**

৪. 'গায়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ–
(ক) গা + অক (খ) গায় + অক
(গ) গৈ + অক (ঘ) গৌ + অক **গ**

৫. 'বারীশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
(ক) বারী + ঈশ (খ) বারি + ঈশ
(গ) বারী + ইশ (ঘ) বারি + ইশ **খ**

৬. 'বনৌষধি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ–
(ক) বন + ওষধি (খ) বন্ + ওষধি
(গ) বন + ঔষধি (ঘ) বনঃ + ওষধি **ক**

৭. 'মহৌষধি' শব্দের সঠিক সন্ধি কোনটি?
(ক) মহা + ঔষধি (খ) মহা + ঔষধি
(গ) মহাঃ (ঘ) মহা + ওষধি **ঘ**

৮. 'উজ্জ্বল' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
(ক) উজ + জ্বল (খ) উদ + জ্বল
(গ) উদ্ব + জল (ঘ) উৎ + জ্বল **ঘ**

৯. 'উত্থাপন' শব্দটির সন্ধি বিচ্ছেদ–
(ক) উৎ + থাপন (খ) উৎ + স্থাপন
(গ) উঃ + স্থাপন (ঘ) উঃ + থাপন **খ**

১০. 'নিরবধি' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
(ক) নির্ + অবধি (খ) নির + বধি
(গ) নিঃ + অবধি (ঘ) নিঃ + বধি **গ**

১১. সন্ধি বিচ্ছেদ করুন : 'পুরস্কার'
(ক) পুর + কার (খ) পুর + কার
(গ) পুরঃ + কার (ঘ) পুরসঃ + কার **গ**

১২. 'প্রাতরাশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
(ক) প্রাতঃ + আস (খ) প্রাতঃ + রাশ
(গ) প্রাতঃ + আশ (ঘ) প্রাত + রাশ **গ**

১৩. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ?
(ক) আ + চর্য (খ) জল + আশয়
(গ) মত + ঐক্য (ঘ) ইতি + আদি **ক**

১৪. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি বিচ্ছেদ?
(ক) উৎ + স্থাপন = উত্থাপন (খ) কৃষ্ + তি = কৃষ্টি
(গ) তদ্ + কাল = তৎকাল (ঘ) তৎ + কর = তস্কর **ঘ**

১৫. 'বিচ্ছিন্ন' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
(ক) বিচ + ছিন্ন (খ) বি + ছিন্ন
(গ) বিৎ + চ্ছিন্ন (ঘ) বিৎ + ছিন্ন **খ**

১৬. 'মৃন্ময়' শব্দের সন্ধি বিচ্ছেদ কর–
(ক) মৃণ + ময় (খ) মৃৎ + ময়
(গ) মৃত + ময় (ঘ) মৃ + ময় **খ**

১৭. 'ষড়ানন' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
(ক) ষড়া + আনন (খ) ষড় + আনন
(গ) ষট্ + আনন (ঘ) ষড়া + নন **গ**

১৮. 'সংস্কৃত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
(ক) সং + স্কৃত (খ) সং + কৃত
(গ) সম + স্কৃত (ঘ) সম্ + কৃত **ঘ**

১৯. 'চতুরঙ্গ' এর সন্ধি বিচ্ছেদ করুন :
(ক) চতু + অঙ্গ (খ) চতুঃ + অঙ্গ
(গ) চতুর + অঙ্গ (ঘ) চার + অঙ্গ **খ**

২০. 'মনীষা'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
(ক) মন + ইষা (খ) মনস্ + ঈষা
(গ) মন + ঈষা (ঘ) মনস + ইষা **খ**

২১. 'মনঃকষ্ট' এর সন্ধি বিচ্ছেদ–
(ক) মনস + কষ্ট (খ) মনো + কষ্ট
(গ) মনোহ + কষ্ট (ঘ) মনঃ + কষ্ট **ঘ**

২২. 'আবাহন' শব্দের সঠিক সমার্থক শব্দ কোনটি?
(ক) নিয়ন্ত্রণ (খ) আমন্ত্রণ (গ) নিমন্ত্রণ (ঘ) আগমন **খ**

২৩. 'অগ্নি' শব্দের প্রতিশব্দ কোনগুলো?
(ক) অংশু, জ্যোতি (খ) অতি, অতীব
(গ) অংশু, কর (ঘ) বহ্নি, হুতাশন **ঘ**

২৪. কোনটি 'অগ্নির' প্রতিশব্দ?
(ক) বৈশ্বানর (খ) কৃশানু (গ) সর্বভুক (ঘ) সবগুলোই **ঘ**

২৫. 'আকাশ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
(ক) অন্তরীক্ষ (খ) বিভু (গ) প্রভাকর (ঘ) সুধাকর **ক**

২৬. নিচের কোন গুচ্ছ 'আলো' শব্দের সমার্থক?
(ক) রাকা, হুতাশন (খ) অর্ক, শর্বরী
(গ) ময়ূখ, শিখি (ঘ) বিভা, আভা **ঘ**

২৭. 'অমিত' শব্দের সমার্থক শব্দ কোনটি?
(ক) অপূর্ব (খ) বেশি (গ) আকুল (ঘ) নিশ্চিত **খ**

২৮. 'হর্ষ' শব্দের অর্থ কী?
(ক) হলুদ (খ) সাধ (গ) দুষ্ট (ঘ) আনন্দ **ঘ**

২৯. 'নন্দিনী' এর সমার্থক শব্দ কোনটি?
(ক) ননদিনি (খ) নারী (গ) তনয়া (ঘ) সুন্দরী **গ**

৩০. 'ইন্দ্রজাল' শব্দের সমার্থক শব্দ-জোড় কোনটি?
(ক) ইন্দ্রিয়, জাদু (খ) কুহক, মায়া
(গ) জাদু, দ্যুতি (ঘ) ভেলকি, ক্ষোপ **খ**

৩১. 'পরভৃৎ' শব্দের অর্থ–
(ক) কাক (খ) কোকিল (গ) বক (ঘ) আম্র **ক**

৩২. 'কপোল' এর প্রতিশব্দ কোনটি?
(ক) ললাট (খ) কপাল (গ) চিবুক (ঘ) গাল **ঘ**

৩৩. 'চোখ' এর প্রতিশব্দ নয় কোনটি?
(ক) বারি (খ) চক্ষু (গ) নয়ন (ঘ) লোচন **ক**

৩৪. 'পানি'র সমার্থক শব্দ কোনটি?
(ক) বারি (খ) কেকা (গ) সম্বর (ঘ) সারঙ্গ **ক**

৩৫. 'পাখি' শব্দের সমার্থক নয়–
(ক) পন্নগ (খ) বিহগ (গ) খগ (ঘ) খেচর **ক**

৩৬. কোনটি 'পুত্র' শব্দের সমার্থক?
(ক) আত্মজা (খ) দুলাল (গ) জনক (ঘ) সুহৃদ **খ**

৩৭. 'ক্ষণপ্রভা' এর প্রতিশব্দ কী?
(ক) মধুকর (খ) প্রভাত (গ) বিজলী (ঘ) অস্থায়ী **গ**

৩৮. 'বলাহক' শব্দের সমার্থক–
(ক) জলাশয় (খ) নদী (গ) মেঘ (ঘ) আকাশ **গ**

৩৯. 'মেঘ' এর সঠিক সমার্থক শব্দ নয় কোনটি?
(ক) পাদপ (খ) বারিদ (গ) অম্বুদ (ঘ) জলদ **ক**

৪০. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
(ক) সাগর (খ) স্রোতস্বিনী (গ) পারাবার (ঘ) অর্ণব **খ**



## Home Work

NTRCA চাকুরি প্রত্যাশীদের জন্য বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা প্রশ্নগুলো থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো বাছাই করে এবং সাম্প্রতিক প্রশ্নোত্তর সংযোজনে সাজানো হয়েছে। যা মনে রাখতে পারলে শতভাগ কমন থাকবে।

**১. 'শিরশ্ছেদ' শব্দের সন্ধিবিচ্ছেদ–** [৪৬তম বিসিএস]
ক শির + ছেদ খ শিরঃ + ছেদ
গ শিরশ্ + ছেদ ঘ শির + উচ্ছেদ — খ

**২. 'নদী'-র সমার্থ শব্দ কোনটি?** [৪৬তম বিসিএস]
ক সিন্ধু খ হিল্লোল
গ তটিনী ঘ নির্ঝর — গ

**৩. 'তাম্বুলিক' শব্দের সমার্থক নয় কোনটি?** [৪৫ তম বিসিএস]
ক পান-ব্যবসায়ী খ পর্ণকার
গ তামসিক ঘ বারুই — গ

**৪. নিচের কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়?** [৪৪ তম বিসিএস]
ক বহ্নি খ আবীর
গ বায়ুসখা ঘ বৈশ্বানর — খ

**৫. নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির দৃষ্টান্ত কোনটি?** [৪৪তম বিসিএস]
ক গো + অক্ষ = গবাক্ষ খ পৌ + অক = পাবক
গ বি + অঙ্গ = বঙ্গ ঘ যতি + ইন্দ্র = যতীন্দ্র — ক

**৬. 'আগুন' এর সমার্থক শব্দ কোনটি?** [৩৯তম বিসিএস]
ক জ্যোতি খ ভাতি
গ অনল ঘ অংশু — গ

**৭. 'অম্বর' এর প্রতিশব্দ কোনটি?** [৩৮তম বিসিএস]
ক পৃথিবী খ জল
গ সমুদ্র ঘ আকাশ — ঘ

**৮. কোনটি অগ্নির সমার্থক শব্দ নয়?** [৩৭তম বিসিএস; ৩৩তম বিসিএস]
ক পাবক খ বৈশ্বানর
গ সর্বশুচি ঘ প্রজ্বলিত — ঘ

**৯. 'রবীন্দ্র' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [৩৬তম বিসিএস]
ক রবী + ন্দ্র খ রবি + ঈন্দ্র
গ রবি + ইন্দ্র ঘ রব + ইন্দ্র — গ

**১০. 'জল' শব্দের সমার্থক নয় কোনটি?** [৩৫তম বিসিএস]
ক সলিল খ উদক
গ জলধি ঘ নীর — গ

**১১. নিচের কোন শব্দটি 'কপাল' এর সমার্থক?** [৩৫তম বিসিএস]
ক কপোল খ ললাট
গ মস্তক ঘ কাপালিক — খ

**১২. 'দ্বৈপায়ন' শব্দের শুদ্ধ সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [৩৫তম বিসিএস]
ক দ্বীপ+আয়ন খ দ্বীপ+অয়ন
গ দ্বিপ+অনট ঘ দ্বীপ+অনট — ক

[নোট: 'দ্বৈপায়ন' সন্ধি নয়, এটি প্রকৃতপক্ষে প্রকৃতি-প্রত্যয়। বিশেষ্যের সাথে যেসব অন্ত্যপ্রত্যয় যোগ হয়ে বিশেষ্য গঠিত হয়, সেগুলোকে অন্ত্যপ্রত্যয় বলে। সংস্কৃত তদ্ধিত অন্ত্যপ্রত্যয়ের 'জাত' অর্থে 'দ্বীপ + আয়ন = দ্বৈপায়ন' হয়।]

**১৩. কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়?** [৩৩তম বিসিএস]
ক পাবক খ বৈশ্বানর
গ সর্বশুচি ঘ প্রজ্বলিত — ঘ

**১৪. 'বৃক্ষ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [৩২তম বিসিএস]
ক কলাপী খ নীরধি
গ বিটপী ঘ অবনি — গ

**১৫. 'শিখণ্ডী' শব্দের অর্থ কী?** [৩২তম বিসিএস]
ক কবুতর খ কোকিল
গ খরগোশ ঘ ময়ূর — ঘ

**১৬. কোনটি 'বাতাস' শব্দের সমার্থক নয়?** [৩২তম বিসিএস]
ক পাবক খ মারুত
গ পবন ঘ অনিল — ক

**১৭. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [৩১তম বিসিএস]
ক নীর খ পৃথ্বী
গ ক্ষিতি ঘ অবনী — ক

**১৮. 'জনৈক' শব্দের সন্ধি-বিচ্ছেদ-** [২৯তম বিসিএস]
ক জন+ঐক খ জন+এক
গ জনৈ+এক ঘ জন+অক — খ

**১৯. 'নবান্ন' শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?** [২৬তম বিসিএস]
ক সমাস খ সন্ধি
গ প্রত্যয় ঘ উপসর্গ — খ

**২০. সন্ধির প্রধান সুবিধা কী?** [১৮তম বিসিএস]
ক উচ্চারণের সুবিধা খ লেখার সুবিধা
গ শোনার সুবিধা ঘ পড়ার সুবিধা — ক

**২১. 'রত্নাকার' শব্দটির সন্ধি-বিচ্ছেদ-** [১০ম বিসিএস]
ক রত্ন+কর খ রত্নঃ+কর
গ রত্না+আকর ঘ রত্ন+আকর — ঘ

**২২. 'মনোহর' শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় পর্যায়)'২৪]
ক মনো + হর খ মন + অহর
গ মন + হর ঘ মনঃ + হর — ঘ

**২৩. 'চলচ্চিত্র' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪; জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), ফিল্ড অফিসার- ২০২৩]
ক চলৎ + চিত্র খ চল + চিত্র
গ চলন্ত + চিত্র ঘ চলিত + চিত্র — ক

**২৪. সন্ধির প্রধান সুবিধা কী?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক লেখার সুবিধা খ উচ্চারণের সুবিধা
গ পড়ার সুবিধা ঘ শুনার সুবিধা — খ

**২৫. পৃথিবীর সমার্থক শব্দ কোনটি?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২)-২০২৪]
ক অচল খ অদ্রি
গ কনক ঘ অবনী — ঘ

**২৬. 'কুন্তল' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২)'২৪]
ক অংশু খ কেশ
গ কুবলয় ঘ কমল — খ

**২৭. 'আত্মজা' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২)-২০২৪]
ক দুহিতা খ তনয়া
গ পুত্র ঘ কন্যা — গ

**২৮. 'সন্ধি' শব্দের অর্থ কী?** [১৮তম শিক্ষক নিবন্ধন (কলেজ পর্যায়)-২০২৪]
ক সংক্ষেপণ খ মিলন
গ একপদীকরণ ঘ চিহ্ন — খ

**২৯. 'সতীশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কী হবে?** [১৮তম শিক্ষক নিবন্ধন (কলেজ পর্যায়)'২৪]
ক সতি + ইশ খ সতি + ঈশ
গ সতী + ঈশ ঘ সতী + ইশ — গ

**৩০. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধিবিচ্ছেদ-** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম পর্যায়)-২০২৩]
ক বাক্ + আড়ম্বর খ বাগ + অম্বর
গ বাক + অম্বর ঘ বাগ্ + আড়ম্বর — ক

৩১. **'অর্ক' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [হোম ইকোনমিস্ট (নিপোর্ট পদের পরীক্ষা)'২৪]
ক বায়ু খ সমুদ্র
গ প্রভাকর ঘ আকাশ **গ**

৩২. **'অম্বু' এর সমার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ রেলওয়ে টিকিট কালেক্টর-২০২৪]
ক বাতাস খ সূর্য
গ পানি ঘ অক্ষি **গ**

৩৩. **'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ-** [বাংলাদেশ সরকারি কর্মকমিশন (সিনিয়র স্টাফ নার্স)'২৪]
ক তটিনী খ অর্ণব
গ অবনী ঘ স্রোতস্বিনী **খ**

৩৪. **'বনস্পতি' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)'২৪]
ক বনস + পতি খ বনঃ + পতি
গ বন + পতি ঘ বনো + পতি **গ**

৩৫. **'অহরহ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ইন্সপেক্টর/সিনিয়র অফিসার/নিরাপত্তা কর্মকর্তা-২০২৪, হোম ইকোনমিস্ট (নিপোর্ট পদের পরীক্ষা)-২০২৪]
ক অহ + রহ খ অহঃ + রহ
গ অহঃ + অহ ঘ অহ + অহ **গ**

৩৬. **'তটিনী' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)'২৪]
ক কল্লোলিনী খ নির্ঝরিনী
গ প্রবাহিনী ঘ বনিতা **ঘ**

৩৭. **সমার্থক শব্দগুচ্ছ শনাক্ত করুন** [বাংলাদেশ রেলওয়ে টিকিট কালেক্টর-২০২৪]
ক দীর্ঘিকা, নদী, প্রণালি খ শৈবলিনী, তরঙ্গিনী, সরিৎ
গ গাউ, তটিনী, অর্ণব ঘ স্রোতস্বিনী, নির্ঝরিণী, সিন্ধু **খ**

৩৮. **'সূর্য' শব্দটির সমার্থক শব্দ কোনটি?** [সমন্বিত ১০টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, Senior Officer-'২৩]
ক ফণী খ শৈল
গ ভুজ ঘ সবিতা **ঘ**

৩৯. **'সূর্য' শব্দের প্রতিশব্দ বা সমার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ সরকারি কর্মকমিশন (BPSC), স্টাফ অফিসার-'২৩]
ক সুধাংশু খ শশাংক
গ আদিত্য ঘ বিধু **গ**

৪০. **'ঐরাবত' শব্দের প্রতিশব্দ কোনটি?** [বাংলাদেশ বন অধিদপ্তর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-'২৩]
ক দিপু খ দ্বিপ
গ দ্বীপ ঘ দীপ **খ**

৪১. **কোনটি 'পর্বত' এর সমার্থক শব্দ নয়?** [বাংলাদেশ সুপ্রিমকোর্ট (হাইকোর্ট বিভাগ), প্রটোকল অফিসার-'২৩]
ক শৈল খ অদ্রি
গ দরি ঘ গিরি **গ**

৪২. **'যামিনী' এর প্রতিশব্দ কোনটি?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, এরোড্রাম কর্মকর্তা-'২৩]
ক প্রসূন খ দামিনী
গ শর্বরী ঘ রজনী **গ**

৪৩. **'রাজা' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, নিরাপত্তা বোর্ড-'২৩]
ক জমিদার খ নরেন্দ্র
গ মহেন্দ্র ঘ সফেদ **খ**

৪৪. **'গবেষণা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [সাধারণ বীমা কর্পোরেশন, উচ্চমান সহকারী-'২৩]
ক গবে + এষণা খ গব + এষণা
গ গো+ এষণা ঘ গব + ইষণা **গ**

৪৫. **'অন্বেষণ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ কর্মসংস্থান ব্যাংক, সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ)-'২৩]
ক অন্বে+ষন খ অনে+এষন
গ অনু+এষন ঘ অনু+এষণ **ঘ**

৪৬. **'জনৈক' শব্দটির সন্ধিবিচ্ছেদ-** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB), লাইন ক্রু; লেভেল-১-'২৩]
ক জন + ইক খ জন + এক
গ জনৈ + এক ঘ জন + ঈক **খ**

৪৭. **'স্বাগত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [কা.কি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩; প্রা. প্রা. (সহকারী শিক্ষক)'১৩]
ক স্বা + আগত খ স্বা + গত
গ সু + আগত ঘ সা + আগত **গ**

৪৮. **'কুজ্ঝটিকা' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [নর্দান ইলেক্ট্রিসিটি সহকারী শিক্ষক পদের পরীক্ষা-২০২৪]
ক কু+ঝটিকা খ কুজ+ঝটিকা
গ কুৎ+ঝটিকা ঘ কুজ্+টিকা **গ**

৪৯. **'পদ্ধতি' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী'২৪]
ক পদ্+হতি খ পদ+হতি
গ পদ+ঋতি ঘ পদ্ধ+তি **ক**

৫০. **'দিগ্বিজয়' এ সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী'২৪]
ক দিগ+বিজয় খ দিক্+বিজয়
গ দিগ্বি+জয় ঘ দিক+বিজয় **খ**

৫১. **'দুষ্পাচ্য' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী'২৪]
ক দু+পাচ্য খ দুঃ+পাচ্য
গ দুস+পাচ্য ঘ দু+প্রাচ্য **খ**

৫২. **'ক্ষুৎপিপাসা' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?** [বাংলাদেশ রেলওয়ে টিকিট কালেক্টর'২৪]
ক ক্ষুদ+পিপাসা খ ক্ষুধ্+পিপাসা
গ ক্ষুত+পিপাসা ঘ ক্ষুৎ+পিপাসা **খ**

৫৩. **'ষড়ঋতু' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, সহকারী পরিচালক-'২৩]
ক ষড়+ঋতু খ ষড়ু+ঋতু
গ ষট+ঋতু ঘ ষট্+ঋতু **ঘ**

৫৪. **'নীরোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [পিএসসি নন-ক্যাডার, সহকারী কাস্টোডিয়ান/গবেষণা সহকারী-'২৩]
ক নি + রোগ খ নিঃ + রোগ
গ নী + রোগ ঘ নীঃ + রোগ **খ**

৫৫. **'অগ্নি' শব্দের সমার্থক কোনটি?** [ক.ম.স্বা.প্র.অ. (সহকারী প্রকৌশলী) (তড়িৎ)'১৯]
ক কৃশানু খ ভানু গ সবিতা ঘ প্রভা **ক**

৫৬. **'রাজ্ঞী' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ বন অধিদপ্তর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-'২৩]
ক রাজ্+নী খ রাগ+গী
গ রাজন+গী ঘ রাজা+গি **ক**

৫৭. **'দুরূহ' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED), হিসাব সহকারী-'২৩]
ক দুঃ + উহ্ খ দুঃ + রুহ
গ দুর + উহ ঘ দুর + হ **ক**

৫৮. **'উত্তীর্ণ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [সিকিউরিটি প্রিন্টিং প্রেস, সহকারী ব্যবস্থাপক-'২৩]
ক উৎ+তীর্ণ খ উত+তীর্ণ
গ উদ+তীর্ণ ঘ কোনোটিই নয় **ক**

৫৯. **'নিরাময়' শব্দের সন্ধি বিচ্ছেদ** [পূবালী ব্যাংক লি. প্রবেশনারি জুনিয়র অফিসার-'২৩]
ক নিঃ+আময় খ নির+ময়
গ নিরা+ময় ঘ নির+আময় **ক**

৬০. **'নীরব' শব্দের সন্ধি বিচ্ছেদ কী হবে?** [প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর-'২৩]
ক নিঃ + রব খ নীঃ + রব
গ নীরঃ + ব ঘ নৈ + রব **ক**

৬১. **'দুর্লভ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [মা.উ.কি.অ. (হিসাব সহকারী)'২৩]
ক দুঃ + লভ খ দুর + লভ
গ দুর + যোগ ঘ দুরঃ + যোগ **ক**

৬২. **'নিষ্পত্তি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প.প. অ. (পরিবার কল্যাণ পরিদর্শিকা)'২৩]
ক নিঃ + পত্তি খ নিঃ + স্পত্তি
গ নিষ্ + পত্তি ঘ নিস্ + পত্তি **ক**

৬৩. **'অগ্নি' শব্দের সমার্থক নয় কোনটি?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB), লাইন ক্রু; লেভেল-১-'২৩]
ক হুতাশন খ কৃশানু
গ বায়ুশখা ঘ দ্যুতি ঘ

৬৪. **নিচের কোনটি বৃক্ষের সমার্থক শব্দ নয়?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB), সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার-'২৩]
ক পাদপ খ উদক
গ পর্ণী ঘ অটবি খ

৬৫. **'পতাকা' এর সমার্থক শব্দ কোনটি?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি., গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট-'২৩]
ক কেতন খ মার্গ
গ নলিন ঘ ভাজন ক

৬৬. **'আকাশ' শব্দের সমার্থক শব্দ–**[পিএসসি (সিনিয়র স্টাফ নার্স)'২৩]
ক অন্তরীক্ষ খ বিভু
গ প্রভাকর ঘ সুধাকর ক

৬৭. **'নদী' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বা.প.বি.বো. (কম্পিউটার অপারেটর)'২৩]
ক কল্লোলিনী খ মেদিনী
গ গৃহিনী ঘ ধরণী ক

৬৮. **নিচের কোনটি 'বায়ু' শব্দের প্রতিশব্দ?** [কা.কি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক চঞ্চলা খ মরুৎ
গ ক্ষণপ্রভা ঘ চটুল খ

৬৯. **'পরভৃত' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বা.নি.ক (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২৩; কি.নি.প্র.প্র.প. (শিক্ষক) (স্কুল)'২২]
ক পিক খ ধেনু গ বিভব ঘ অম্বু ক

৭০. **'জায়া' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [১৭তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০২২]
ক অর্ধাঙ্গিনী খ কন্যা
গ নন্দিনী ঘ ভাগনী ক

৭১. **'চতুষ্পদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [১৭তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০২২]
ক চতুর+পদ খ চতুষ+পদ
গ চতু+পদ ঘ চতু ঃ+পদ ঘ

৭২. **'ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী' নিচের কোন নিয়মে হয়েছে-** [১৭তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০২২]
ক আ+ঈ= এ খ অ+ঈ=এ
গ আ+ই=এ ঘ অ+ই=এ ক

৭৩. **'প্রাতরাশ'- এর সন্ধি–** [বি.ম. (ব্যক্তিগত কর্মকর্তা)'২২]
ক প্রাত + রাশ খ প্রাতঃ + রাশ
গ প্রাতঃ + আশ ঘ প্রাত + আশ গ

৭৪. **'দুরবস্থা' শব্দটি সন্ধি বিচ্ছেদ করা হলে নিচের কোনটি পাওয়া যায়?** [বা.প.উ.এ. (সহকারী পরিচালক)'২২]
ক দুঃ + অবস্থা খ দূর + বস্থা
গ দুর + বস্থা ঘ দুর + অবস্থা ক

৭৫. **'বাচস্পতি' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ফা.সা.গি. ডি. অ. (স্টেশন অফিসার)'২২]
ক বাচ + পতি খ বাচঃ + পতি
গ বাচস্ + পতি ঘ বাচসঃ + পতি খ

৭৬. **'সূর্য' শব্দের সমার্থক কী?** [গ.অ.(ইউনিয়ন সমাজকর্মী)'২২; বা.প.বি. বো. (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর)'২১]
ক অর্ণব খ অর্ক
গ পল্লব ঘ কোনটি নয় খ

৭৭. **'আগুন' এর প্রতিশব্দ নয় কোনটি?** [ঘিম. নি.কা. (অফিস সহায়ক) '২২' রে.বে.প্রা. (শিক্ষক)'১১)]
ক অনল খ বহ্নি
গ পাবক ঘ কর ঘ

৭৮. **'পৃথিবী' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [ম.বি.(অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২৩]
ক ভূধর খ অবনি
গ ধরিত্রী ঘ ধরণী ক

৭৯. **পৃথিবী'র সমার্থক শব্দ কোনটি?** [কি.নি.প্র.প. (শিক্ষক) (স্কুল)'২২]
ক অচল খ অদ্রি
গ ভূধর ঘ অবনি ঘ

৮০. **'নীর' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [রাজউক (ইমারত পরিদর্শক)'২২]
ক অগ্নি খ চন্দ্র
গ গৃহ ঘ বারি ঘ

৮১. **'ইত্যাদি'- এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** ক.বে.ঘে.কে(কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার)'২২]
ক ঈতি + আদি খ ইতি + আদী
গ ইতি + অধি ঘ ইতি + আদি ঘ

৮২. **পর্যালোচনা শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ-** [প. প. অ. (সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা)'২২; প্রা. প্রা. (সহকারী শিক্ষক)'১৩]
ক পর্য + আলোচনা খ পরি + আলোচনা
গ পর্যা + লোচনা ঘ পর্যা + আলোচনা খ

৮৩. **'আকাশ' শব্দের প্রতিশব্দ কোনটি?** [যু.উ.অ. (সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা)'২২; বা.প.বি.বো. (জেনারেল ম্যানেজার (প্রশাসন/ মানবসম্পদ)'২২]
ক অশনি খ অম্বর
গ বিভাবরী ঘ নীলাম্বু খ

৮৪. **'বাতাস' শব্দের সমার্থক কোনটি?** [বা.প.উ. বো. (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২২]
ক ভূধর খ সহোদর গ গন্ধবহ ঘ শিখা গ

৮৫. **'দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাপার' পঙক্তিতে 'কান্তার' শব্দের অর্থ কী?** [বি.ম. (প্রশাসনিক কর্মকর্তা)'২২]
ক রাস্তা খ নদী
গ বনজঙ্গল ঘ আকাশ গ

৮৬. **'পাখি' এর সমার্থক শব্দ-** [স্বা.প্র.অ. (নকশাকার (ড্রাফটসম্যান)'২২]
ক বিটপী খ বিগ্রহ গ বিজরী ঘ বিহগ ঘ

৮৭. **'প্রসূন' এর প্রতিশব্দ হলো-** [কজে.ডি.ফা. (জুনিয়র অডিটর (এলডিএ কাম-টাইপিস্ট)'২২]
ক ভ্রমর খ পত্র গ ফল ঘ পুষ্প ঘ

৮৮. **'শীতার্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ নিচের কোনটি?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় পর্যায়)–২০২২]
ক শীতা + অর্ত খ শীতা + র্ত
গ শীত + ঋত ঘ শীত + আর্ত গ

৮৯. **'প্রত্যুষ' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক'১৮]
ক প্রত্য + উষ খ বীণাপাণি
গ প্রতি + উষ ঘ প্রতি + উষ ঘ

৯০. **'বহ্যুৎসব' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে পাই-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষা (ভলগা)'১৩]
ক বহ্যু + উৎসব খ বহ্যুৎ + সব
গ বহ্য + উৎসব ঘ বহ্নি + উৎসব ঘ

৯১. **'যদ্যপি শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া)'১০]
ক যদ + পি খ যদি + অপি
গ যদ + অপি ঘ যদ্য + অপি খ

৯২. **উৎ + শ্বাস- এটি কোন সন্ধি?** [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ক জটিল সন্ধি খ স্বরসন্ধি
গ ব্যঞ্জন সন্ধি ঘ নিপাতনে সিদ্ধ গ

৯৩. **'উন্নত' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক হোয়াংহো)'১৩]
ক উৎ + নীত খ উৎ + নত
গ উদ্যো + ত ঘ উন + নত খ

৯৪. **'রান্না' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক রান + না খ রাঁদ্ + না
গ রান্ন + আ ঘ রাঁধ্ + না

[নোট: √রাঁধ্ + না = রাঁধনা > রান্না' আসলে কৃৎ প্রত্যয়জাত শব্দ।]

৯৫. **'সংলাপ' শব্দের সন্ধি বিচ্ছেদ:** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়)'১৯]
ক সম্ + লাপ খ সং + লাপ
গ স + আলাপ ঘ সু + আলাপ ক

৯৬. **কোনটি ব্যঞ্জন সন্ধির উদাহরণ?** [ষোড়শ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৯]
ক শুভেচ্ছা খ প্রত্যেক
গ সংবাদ ঘ দখিনা **গ**

৯৭. **'সদাশয়' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা)'১৩]
ক সদ + আশয় খ সদা + নন্দ
গ সৎ + আশয় ঘ সদ + অ + নন্দ **গ**

৯৮. **সন্ধিজাত শব্দ–** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক উন্মনা খ দখিনা
গ ফাল্গুন ঘ মিনতি **ক**

৯৯. **'ইতস্তত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ক ইত + তত খ ইতঃ + তত
গ ইতস্ + তত ঘ ইত + স্তত **খ**

১০০. **'তপোবন' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২]
ক তপ + বন খ তপঃ + বন
গ তপো + বন ঘ তপ + উবন **খ**

১০১. **'নিশ্চয়' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৩]
ক নিশ্চয় + য় খ নি + চয়
গ নিশ + চয় ঘ নিঃ + চয় **ঘ**

১০২. **'কাঁদ্ + না'– এটি কোন সন্ধি?** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ক স্বরসন্ধি খ ব্যঞ্জন সন্ধি
গ খাঁটি বাংলা সন্ধি ঘ বিসর্গ সন্ধি

*নোট: √কাঁদ+না = কাঁদনা > কান্না, এটি 'না' কৃৎ প্রত্যয় সাধিত শব্দ। এরূপ- রান্না, ঝরণা ইত্যাদি।*

১০৩. **কোনটি 'নিরাময়' শব্দের সন্ধি বিচ্ছেদ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (গামা) : ১৪]
ক নিরা + ময় খ নিঃ + আময়
গ নির্ + ময় ঘ নিঃ + ময় **খ**

১০৪. **'মনস্তাপ' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক মনঃ + তাপ খ মন + তাপ
গ মনস + তাপ ঘ মনো + তাপ **ক**

১০৫. **সমার্থক শব্দ ব্যবহার করলে–** [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ক শব্দ ভাণ্ডার সমৃদ্ধ হয় খ শব্দার্থ পরিবর্তিত হয়
গ শব্দার্থের অবনতি ঘটে ঘ শব্দ ভাণ্ডার হ্রাস পায় **ক**

১০৬. **সমার্থক শব্দ ব্যবহার করলে বাক্যের–** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১২]
ক অর্থ পরিবর্তিত হয় খ অর্থের অবনতি ঘটে
গ সৌন্দর্য বৃদ্ধি পায় ঘ সৌন্দর্য হ্রাস পায় **গ**

১০৭. **'অন্ধকার' এর সমার্থক শব্দ নয়–** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ)'১০]
ক তিমির খ কাজল
গ আঁধার ঘ অমানিশা **খ**

১০৮. **'আমন্ত্রণ' শব্দের সমার্থক শব্দ নিম্নের কোনটি নয়?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল) : ১৮]
ক আহ্বান খ নিমন্ত্রণ
গ প্রত্যাবান ঘ আবাহন **গ**

১০৯. **'উত্তম' এর সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হেমন্ত)'১০]
ক প্রধান খ দীনতা
গ বিকাশ ঘ বিভু **ক**

১১০. **কোনটি 'উচ্ছ্বাস' শব্দের প্রতিশব্দ নয়?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ঢাকা)' ০৮]
ক বিকাশ খ পুলক
গ উল্লাস ঘ স্ফুরণ **খ**

১১১. **'উচ্ছ্বাস' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিতাস)১০]
ক স্ফুরণ খ উদ্ভাসিত
গ স্ফীতি ঘ বিকাশ **খ**

১১২. **'অংশু' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১২]
ক কুটুম খ দীপ্তি
গ দৃষ্টি ঘ উজ্জ্বল **খ**

১১৩. **কোনটি 'কোকিল' শব্দের প্রতিশব্দ নয়?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শাপলা) : ০৯]
ক পিক খ পরভৃত
গ পরভৃৎ ঘ বসন্তদূত **গ**

১১৪. **কোন শব্দটি 'কটি'-এর সমার্থক নয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা)'০৮]
ক কোমর খ কাঁচুলি
গ মাজা ঘ কাঁকাল **খ**

১১৫. **'কূল' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিতাস) : ১০]
ক গোত্র খ কিনারা
গ তীর ঘ তট **ক**

১১৬. **কোনটি 'কূল' শব্দের প্রতিশব্দ নয়?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চট্টগ্রাম)'০৮]
ক তীর খ তট
গ কুন্তল ঘ অবধি **গ**

১১৭. **'কোরক' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১১]
ক কৃতকর্ম খ কুঁড়ি
গ কড়ি ঘ কুহক **খ**

১১৮. **'খড়্গ'-এর সমার্থক শব্দ নয়–** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯]
ক অসি খ চাকু
গ কৃপাণ ঘ তরবারি **খ**

১১৯. **কোনটি 'ঘোটক' শব্দের প্রতিশব্দ নয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দড়টানা)'০৮]
ক ঘোড়া খ হিমকর
গ তুরঙ্গ ঘ বাজী **খ**

১২০. **কোনটি চাঁদের সমার্থক শব্দ?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায় ২) : ১৮]
ক হিমাংশু খ সবিতা
গ চিকুর ঘ শৈল **ক**

১২১. **'চন্দ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [ষোড়শ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২) : ১৯]
ক সোম খ ভূষণ
গ নকশা ঘ নভঃ **ক**

১২২. **কোনটি 'পানি' শব্দের সমার্থক শব্দ?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২)'১৫]
ক সলিল খ পঙ্কিল
গ বারিধি ঘ কোনোটিই নয় **ক**

১২৩. **'ঢেউ' এর সমার্থক শব্দ নয়–** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১০]
ক তরঙ্গ খ উর্মি
গ বারিধি ঘ বীচি **গ**

১২৪. **কোন শব্দটি 'দক্ষ'-এর সমার্থক নয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দড়াটানা) : ০৮]
ক নিপুণ খ পটু
গ পারদর্শী ঘ দর্প **ঘ**

১২৫. **কোনটি 'নদী' শব্দের সমার্থক শব্দ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা)'১২]
ক জলধি খ পয়োধি
গ জলধর ঘ শৈবালিনী **ঘ**

১২৬. **কোন শব্দটি 'পুত্র' শব্দের সমার্থক বা প্রতিশব্দ নয়?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা) : ১৬]
ক আত্মজ খ তনয়
গ নন্দন ঘ শৈল **ঘ**

১২৭. **'জলাশয়' শব্দের সমার্থক শব্দ হচ্ছে–** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ক সরোবর খ জলধর
গ অম্বু ঘ সলিল **ক**

১২৮. **নিচের কোনটি সমার্থক শব্দ নয়?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মিসিসিপি)'১৩]
ক জলাশয় খ পুকুর
গ দীঘি ঘ ঢেউ — ঘ

১২৯. **'পয়জার' এর সমার্থক শব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বিটা)'১৪]
ক ছুতার খ পাদুকা
গ উন্মাদ ঘ দাঁড়িপাল্লা — খ

১৩০. **কোনটি 'মেঘ' শব্দের প্রতিশব্দ নয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক জলদ খ বারিদ
গ জীমূত ঘ অন্তরীক্ষ — ঘ

১৩১. **'রাত্রি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন'১৬]
ক শর্বরী খ ত্রিযামা
গ ক্ষণদা ঘ ভানু — ঘ

১৩২. **কোন শব্দটি 'সাগর' শব্দটির সমার্থক শব্দ নয়?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক জলধি খ পাথার
গ অর্ণব ঘ ভূপতি — ঘ

১৩৩. **'আশীবিষ' এর অর্থ কী?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক ভুজঙ্গ খ মার্তণ্ড
গ হুতাশন ঘ মাতঙ্গ — ক

১৩৪. **'সিত' শব্দের প্রতিশব্দ কোনটি?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৬; প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক শীত খ অন্ধকার
গ বস্ত্র ঘ শুক্ল — ঘ

১৩৫. **'হাতি' শব্দের প্রতিশব্দ কোনটি?** [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ক কুরঙ্গ খ ভুজঙ্গ
গ করী ঘ কেশরী — গ

১৩৬. **'মাতঙ্গ' কার সমার্থক?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৫]
ক হরিণ খ হাত
গ হাতি ঘ সাপ — গ

১৩৭. **'পঙ্কজ'-এর সমার্থক শব্দ কোনটি?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক শৈল খ উৎপল
গ সুবর্ণ ঘ কুসুম — খ

১৩৮. **কোন শব্দটি 'পেষণ'-এর সমার্থক নয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্ম) : ০৮]
ক দলন খ মর্দন
গ নিসর্গ ঘ বাটা — গ

১৩৯. **'বৃক্ষ' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক'১৮]
ক বিটপী খ শিখরী
গ বনানী ঘ পাদপ — গ

১৪০. **ব্যাকরণ অনুযায়ী খাঁটি বাংলা সন্ধি কয় প্রকার?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ও জনস্বাস্থ্য অধিদপ্তরের ড্রাফটম্যান : ২০১৭]
ক ৩ প্রকার খ ৪ প্রকার
গ ২ প্রকার ঘ ৭ প্রকার — গ

১৪১. **স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা কোনটির উদ্দেশ্য?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট- ২০১০]
ক কারক খ প্রত্যয় গ সন্ধি ঘ সমাস — গ

১৪২. **'মস্যাধার' শব্দের সন্ধি-বিচ্ছেদ কর-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা'০৫-০৬]
ক মস্যা + আধার খ মসা + আধার
গ মসী + আধার ঘ মস্যি + আধার — গ

১৪৩. **'দ্যুলোক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [১৫তম বিসিএস; জবি (খ- ইউনিট) '১৪-১৫]
ক দ্বি + লোক খ দিব্ + লোক
গ দুঃ + লোক ঘ দ্বিঃ + লোক — খ

১৪৪. **'মুখচ্ছবি' এটি কোন সন্ধি?** [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ২০১৯]
ক বিসর্গ সন্ধি খ ব্যঞ্জনসন্ধি
গ স্বরধ্বনি ঘ নিপাতনে সিদ্ধ সন্ধি — খ

১৪৫. **জগমোহন শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কী?** [কর্মসংস্থান ব্যাংক (ডাটা এন্ট্রি অপা.)'১৮]
ক জগ + মোহন খ জক + মোহন
গ জগৎ + মোহন ঘ জগম + মোহন — গ

১৪৬. **'প্রাদুর্ভাব' –এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা- '০৮; উপজেলা সমাজসেবা অফিসার- '০২]
ক পাদ + ভাব খ প্রাদু ঃ + ভাব
গ প্রাদ + ভাব ঘ প্রাদু + ভাব — খ

১৪৭. **নিম্নের কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার- ২০১৫]
ক তৎ + কর খ গো + অক্ষ
গ অহঃ + নিশ ঘ কোনোটিই নয় — খ

১৪৮. **শিরঃপীড়া'র সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ঢাবি (ঘ): ১২-১৩/পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহ- ২০১৪]
ক শির + পীড়া খ শিড়ঃ + পীড়া
গ শিরঃ + পীড়া ঘ শির + পিড়া — গ

১৪৯. **'মার্তণ্ড' শব্দটির সমার্থক শব্দ কোনটি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক পদে নিয়োগ পরীক্ষা: ২০১৮]
ক নিষ্ঠুর খ সূর্য
গ কঠোর ঘ সাধু — খ

১৫০. **বিভা : কিরণ : : সুবলিত : ?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব (প্রশাসন): '১৭]
ক সুবিদিত খ সুগঠিত
গ সুবিনীত ঘ বিধিত — খ

১৫১. **'দাদুরী' শব্দের অর্থ–** [জবি (খ- ইউনিট) : ২০১৪-১৫]
ক পিতামহী খ আদুরে মেয়ে
গ অবাধ্য বালিকা ঘ ব্যাঙ — ঘ

১৫২. **'মহীলতা'র সমার্থক শব্দ–** [জবি (খ- ইউনিট) : ২০১৪-১৫]
ক স্বর্ণলতা খ শাক
গ কেঁচো ঘ সাপ — গ

১৫৩. **নিচের কোন দুটি সমার্থক শব্দ ?** [বাংলাদেশ ব্যাংক (ক্যাশিয়ার অফিসার): ২০১৬]
ক কৃশানু : পাবক খ বারিদ : সুধাকর
গ অম্বু : অহন ঘ বীচি : ওদন — ক

১৫৪. **'অভিলাষ' শব্দটির অর্থ কী?** [কম্পট্রোলার ও অডিটর জেনারেল এর কার্যালয়ের অধীনে অডিটর: ২০১৯]
ক ইচ্ছা খ উল্লাস
গ অলক ঘ আকাশ — ক

১৫৫. **রাজীব শব্দের সমার্থক শব্দ কোনটি?** [কর্মসংস্থান ব্যাংক (ডাটা এন্ট্রি অপা: ২০১৮]
ক পদ্ম ফুল খ ফুল
গ বৃক্ষ ঘ ফুলের নাম — ক

১৫৬. **'বায়স' শব্দের অর্থ–** [Basic Bank Auditor Recruitment Test : 2018]
ক কোকিল খ বায়বীয়
গ কাক ঘ কোনোটিই নয় — গ

১৫৭. **'শর্বরী' কথাটির অর্থ?** [BKB (Senior Officer : 2017]
ক রাত খ শিকারী
গ চাঁদ ঘ আলো বর্তিকা — ক

১৫৮. **কৌমুদী শব্দের প্রতিশব্দ হলো–** [পূবালী ব্যাংক (সিনিয়র অফিসার): ২০১৭]
ক জ্যোৎস্না খ চাঁদ
গ পদ্মফুল ঘ মুকুল — ক

১৫৯. **'গড্ডল' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [জবি (খ- ইউনিট) : ২০১৬-১৭]
ক ছাগল খ ভেড়া
গ গরু ঘ মহিষ — খ

১৬০. **নিচের কোনটি 'শৃঙ্গী' শব্দের সমার্থক?** [BHBFC Officer : 2017]
ক গিরি খ বিহঙ্গম
গ লহরী ঘ নির্ঝারিনী — ক




১. 'শিরশ্ছেদ' শব্দের সন্ধিবিচ্ছেদ–
ক শির + ছেদ
খ শিরঃ + ছেদ
গ শিরশ্ + ছেদ
ঘ শির + উচ্ছেদ

২. পৃথিবীর সমার্থক শব্দ কোনটি?
ক অচল
খ অদ্রি
গ কনক
ঘ অবনী

৩. 'কুন্তল' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক অংশু
খ কেশ
গ কুবলয়
ঘ কমল

৪. 'আত্মজা' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ক দুহিতা
খ তনয়া
গ পুত্র
ঘ কন্যা

৫. 'সন্ধি' শব্দের অর্থ কী?
ক সংক্ষেপণ
খ মিলন
গ একপদীকরণ
ঘ চিহ্ন

৬. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধিবিচ্ছেদ-
ক বাক্ + আড়ম্বর
খ বাগ + অম্বর
গ বাক + অম্বর
ঘ বাগ্ + আড়ম্বর

৭. 'তাম্বূলিক' শব্দের সমার্থক নয় কোনটি?
ক পান-ব্যবসায়ী
খ পর্ণকার
গ তামসিক
ঘ বারুই

৮. 'অহরহ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক অহ + রহ
খ অহঃ + রহ
গ অহঃ + অহ
ঘ অহ + অহ

৯. 'শিখণ্ডী' শব্দের অর্থ কী?
ক কবুতর
খ কোকিল
গ খরগোশ
ঘ ময়ূর

১০. 'যামিনী' এর প্রতিশব্দ কোনটি?
ক প্রসূন
খ দামিনী
গ শর্বরী
ঘ অরি

**biddabari উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | ঘ |
| ৩ | খ |
| ৪ | গ |
| ৫ | খ |
| ৬ | ক |
| ৭ | গ |
| ৮ | গ |
| ৯ | ঘ |
| ১০ | গ |

এই Lecture Sheet পড়ার পাশাপাশি Biddabari your success benchmark কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর "বাংলা ভাষা ও সাহিত্য" অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।

